



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

সীতাকুণ্ড, চট্টগ্রাম

www.sitakunda.chittagong.gov.bd

স্মারক নং: ০৫.৪২.১৫৮৬.০০১.৯৯.০০৪.২৬-৪৯৪

তারিখ: ০৫.০৫.২০২৬ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম জেলার সীতাকুণ্ড উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আত্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানি (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	মুয়াজ্জিন	০১ জন	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড / প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/ মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
০২	খাদেম	০১ জন	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/ খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

### শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) মোবাইল নম্বর (ঝ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক স্ব-হস্তে লিখিত সাদা কাগজে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে:
  - পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
  - ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।
  - ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
  - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
  - সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
- নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে।
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, সীতাকুণ্ড, চট্টগ্রাম বরাবর আগামী ২০ মে ২০২৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/ সরাসরি দরখাস্ত পৌছাতে হবে। অসম্পূর্ণ, ক্রটিযুক্ত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।
- আবেদনকারীকে আবেদনপত্রের সাথে মুয়াজ্জিন পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা, খাদেম পদের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, উপজেলা নির্বাহী অফিসার, সীতাকুণ্ড, চট্টগ্রাম বরাবরে দাখিল করতে হবে।
- বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে মোবাইলে /অত্র দপ্তরের ওয়েবসাইটে অবহিত করা হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার তদবির/ সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- নিয়োজিত প্রার্থীগণকে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মো: ফখরুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

সীতাকুণ্ড, চট্টগ্রাম

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক

কেন্দ্র পরিচালনা কমিটি, সীতাকুণ্ড, চট্টগ্রাম।